

## এনএসইউর বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হলেন জাভেদ মুনির

নিজস্ব প্রতিবেদক, ঢাকা



নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান মনোনীত হয়েছেন জাভেদ মুনির আহমেদ। গত শনিবার তিনি এ দায়িত্ব গ্রহণ করেন। গতকাল সোমবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জাভেদ মুনির আহমেদ জানানো হয়েছে।

সর্বসম্মতিক্রমে চেয়ারম্যান মনোনীত হওয়ার পর জাভেদ মুনির সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। এনএসইউর শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের সঙ্গে নিয়ে দায়িত্ব পালনের অঙ্গীকার ব্যক্ত করেছেন তিনি।

দেশের প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে ১৯৯২ সালে এনএসইউ প্রতিষ্ঠায় জাভেদ মুনির গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

জাভেদ মুনির যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের সফটওয়্যার ডেভেলপমেন্ট সার্ভিসের আউটসোর্সিং কোম্পানি অ্যাপ্রোসফট কনসালটিং অ্যান্ড ট্রেনিং করপোরেশন লিমিটেডের প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পরিচালক।

ব্রাউন ইউনিভার্সিটি থেকে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জনের পর ১৯৯০ সালে যুক্তরাষ্ট্রভিত্তিক সফটওয়্যার শিল্পে প্রকৌশলী হিসেবে কর্মজীবন শুরু করেন জাভেদ মুনির। তিনি ২০০৬ সালে অ্যাপ্রোসফটের বাংলাদেশ অফিস প্রতিষ্ঠা করেন। এটি উত্তর আমেরিকা ও ইউরোপীয় ইউনিয়নের গ্রাহকদের বিশ্বমানের সফটওয়্যার ডেভেলপমেন্ট সেবা দিয়ে থাকে।

এনএসইউর বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান মনোনীত হওয়ায় জাভেদ মুনিরকে শুভেচ্ছা জানিয়েছেন উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম।

